

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
প্রশাসন ও সংস্থাপন শাখা
www.shed.gov.bd


স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬১.৯৯.০১৭.১৭-১৯১

তারিখ: ১০ ভাদ্র ১৪৩১
২৫ আগস্ট ২০২৪

বিষয়: বন্যা দুর্গত এলাকার জনগণকে সহযোগিতার জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণের ০১ (এক) দিনের মূল বেতনের সমপরিমান অর্থ 'প্রধান উপদেষ্টার ত্রাণ ও কল্যাণ তহবিল'-এ ছমা প্রদান।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশের চট্টগ্রাম ও সিলেট বিভাগের বিভিন্ন জেলায় ভয়াবহ বন্যা পরিস্থিতির সৃষ্টি হয়েছে। এ সকল এলাকার বন্যাপিড়িত মানুষদেরকে সহযোগিতার জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণের ০১(এক) দিনের মূল বেতনের সমপরিমান অর্থ 'প্রধান উপদেষ্টার ত্রাণ ও কল্যাণ তহবিল'-এ প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়েছে।

০২। এমতাবস্থায়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণের ০১(এক) দিনের মূল বেতনের সমপরিমান অর্থ সংগ্রহপূর্বক দপ্তর/সংস্থা ভিত্তিক এ বিভাগের প্রশাসন শাখায় অনতিবিলম্বে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো



(সাইফুর রহমান খান)

উপসচিব

ফোন : ০২-৫৫১০১২২০

ইমেইল: sas_admin1@moedu.gov.bd

বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন, ঢাকা;
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ৫১-৫২, গ্রিন ডেল্টা এইমস টাওয়ার (১১ তলা), মহাখালী বাণিজ্যিক এলাকা, ঢাকা-১২১২;
- ৩। চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), ঢাকা;
- ৪। মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা;
- ৫। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ঢাকা;
- ৬। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ৭। পরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট, ঢাকা;
- ৮। ডেপুটি সেক্রেটারি জেনারেল, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন, ঢাকা;
- ৯। প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ঢাকা;
- ১০। মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নোয়েম), ঢাকা;